



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো লিঃ)
West Zone Power Distribution Company Limited (WZPDCL)
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০। ফোনঃ ০২-৪৪১১১৫৭৪

স্মারক নং- ২৭.২২.৪৭৮৫.০০১.০১.০০১.২২.২১৬১


তারিখঃ ০৬/১০/২০২২ ইং

সভার নোটিশ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা আগামী ১০/১০/২০২২ ইং রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় নির্বাহী পরিচালক (প্রকৌশল) মহোদয়ের সভাপতিত্বে অনলাইনে (জুমে) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত জুম আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে যথাসময়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জুম আইডিঃ ৬২৬ ৮৭৫ ০৭০৪

জুম পাসওয়ার্ডঃ ১২৩৪৫



মোঃ আলমগীর কবীর

উপমহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন)

ওজোপাডিকো, খুলনা

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকোলিঃ, খুলনা।
২. নির্বাহী পরিচালক (অর্থ/প্রকৌশল), ওজোপাডিকোলিঃ, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, ও এন্ড এম, এস এন্ড ডি, ওজোপাডিকোলিঃ, খুলনা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পওস সার্কেল), ওজোপাডিকোলিঃ, খুলনা/যশোর/কুষ্টিয়া/ফরিদপুর/বরিশাল/পটুয়াখালী।
৫. সকল নির্বাহী প্রকৌশলী.....
৬. নির্বাহী প্রকৌশলী (আইসিটি/এমআইএস), সদর দপ্তর, ওজোপাডিকোলিঃ, খুলনা [জুমে মিটিং আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো]
৭. সকল আবাসিক প্রকৌশলী.....
৮. দপ্তর নথি।



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো লিঃ)।

West Zone Power Distribution Company Limited (WZPDCL)

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০। ফোনঃ ০২-৪৪১১১৫৭৪

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী পরিচালক (প্রকৌশল)

সভার তারিখঃ ১০/১০/২০২২ খ্রিঃ

সভার সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

স্থানঃ বিদ্যুৎ ভবন কনফারেন্স রুম।

অদ্য ১০/১০/২০২২ ইং তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনার সভাকক্ষে জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী পরিচালক (প্রকৌশল), ওজোপাডিকো, খুলনা মহোদয় এর সভাপতিত্বে অনলাইন জুম প্ল্যাটফর্মে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণের উপর ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং সভার প্রেক্ষাপট বর্ণনা করেন।

ওজোপাডিকো'র আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	গ্রাহক সেবার মান বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিত করতে গণশুনানি আয়োজন	সভাপতি আলোচনার প্রেক্ষাপট বর্ণনা করতে গিয়ে বলেন যে, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ একটি সেবামূলক প্রতিষ্ঠান। সেবার মান বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিতভাবে বিভিন্ন শ্রেণীর গ্রাহকের উপস্থিতিতে গণশুনানি সভা আয়োজন করতে হবে। তিনি বলেন, প্রতি মাসে কমপক্ষে ১ টি গণশুনানি সভা আয়োজন করতে হবে। প্রতি সভায় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত গুলির বাস্তবায়ন অগ্রগতি আলোচনা করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।	(১) প্রতি মাসে কমপক্ষে ১ টি গণশুনানি সভা আয়োজন করতে হবে। প্রতি সভায় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত গুলির বাস্তবায়ন অগ্রগতি আলোচনা করতে হবে। (২) প্রতি গণশুনানি সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্ত গুলির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে।	জেলা শহরের সকল ইএসইউ প্রধান
২	নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানে গতিশীলতা বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিতকরণ	সভাপতি বলেন, সকল আবাসিক গ্রাহককে ৪ দিন ও ১১ কেভি ও তদুরধ গ্রাহককে ১৫ দিনের মধ্যে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। সভায় জানানো হয় যে, জুলাই/২০২২ থেকে অক্টোবর/২০২২ পর্যন্ত মোট ২৬,৮৮০ টি নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। তিনি প্রতি মাসে নতুন সংযোগ প্রদান সংক্রান্ত রিপোর্ট সকল বিবিবি/বিঃসঃ দপ্তর প্রধান কে নিজ নিজ সার্কেল অফিসের মাধ্যমে বাণিজ্যিক পরিচালন দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	(১) আবাসিক গ্রাহককে ৪ দিন এবং ১১ কেভি ও তদুরধ গ্রাহককে ১৫ দিনের মধ্যে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। (২) প্রতি মাসে নতুন সংযোগ প্রদান সংক্রান্ত রিপোর্ট সকল ইএসইউ প্রধান কে নিজ নিজ সার্কেল অফিসের মাধ্যমে বাণিজ্যিক পরিচালন দপ্তরে প্রেরণ করতে হবে।	সকল ইএসইউ প্রধান
৩	কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুস্ট অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)	সভাপতি বলেন যে, আগামী ৩১/১২/২০২২ ইং তারিখের মধ্যে বিক্রয় ও বিতরণ বিভাগ, বাণেরহাট দপ্তরের ভাড্ডারে রক্ষিত পরিত্যক্ত/ব্যবহার অযোগ্য মালামালের তালিকা প্রণয়ন করে নিলাম প্রক্রিয়া শুরু করতে হবে। তিনি আরও জানান, আগামী ৩০ মার্চ/২০২৩ ইং তারিখের মধ্যে নিলামের মাধ্যমে অকেজো মালামালের বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আগামী ১০ জুন/২০২৩ ইং তারিখের মধ্যে ভাড্ডার আশিনা পরিষ্কার করতে হবে। এক্ষেত্রে ভাড্ডার আশিনা পরিষ্কারের পূর্বের ও পরের ছবি তুলে প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। নিলাম প্রক্রিয়া এবং ভাড্ডার আশিনা পরিষ্কার সংক্রান্ত কাজের অফিস আদেশ প্রমানক হিসেবে	১। আগামী ৩১ ডিসেম্বর/২০২২ ইং তারিখের মধ্যে বিক্রয় ও বিতরণ বিভাগ, বাণেরহাট দপ্তরের ভাড্ডারে রক্ষিত পরিত্যক্ত/ব্যবহার অযোগ্য মালামালের তালিকা প্রণয়ন করে নিলাম প্রক্রিয়া শুরু করতে হবে। ২। আগামী ৩০ মার্চ/২০২৩ ইং তারিখের মধ্যে নিলামের মাধ্যমে অকেজো মালামালের বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ৩। আগামী ১০ জুন/২০২৩ ইং তারিখের মধ্যে ভাড্ডার আশিনা পরিষ্কার করতে হবে। ৪। ভাড্ডার আশিনা পরিষ্কারের পূর্বের ও	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বাণেরহাট।



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো লিঃ)।
West Zone Power Distribution Company Limited (WZPDCL)



ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০। ফোনঃ০২-৪৪১১১৫৭৪

	সংরক্ষণ করতে হবে।	পরের ছবি তুলে প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। ৫। নিলাম প্রক্রিয়া এবং ভাডার আঞ্জিনা পরিষ্কার সংক্রান্ত কাজের অফিস আদেশ প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে।	
	সভাপতি বলেন যে, আগামী ৩১/১২/২০২২ ইং তারিখের মধ্যে বিক্রয় ও বিতরণ বিভাগ, ওজোপাডিকো, চুয়াডাঙ্গা দপ্তরের পাশে বিদ্যমান পুরনো ও অকেজো গাড়ি সহ অন্যান্য পরিত্যক্ত/ব্যবহার অযোগ্য মালামালের তালিকা প্রণয়ন করে নিলাম প্রক্রিয়া শুরু করতে হবে। তিনি আরও জানান, আগামী ৩০ মার্চ/২০২৩ ইং তারিখের মধ্যে নিলামের মাধ্যমে উক্ত অকেজো মালামাল সমূহের বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আগামী ১০ জুন/২০২৩ ইং তারিখের মধ্যে উক্ত যায়গায় ফুলের বাগান করতে হবে। এক্ষেত্রে অকেজো মালামাল পরিস্কারের পূর্বের এবং বাগান নির্মাণের ছবি তুলে সংরক্ষণ করতে হবে। মালামালের নিলাম প্রক্রিয়া এবং বাগানের কাজের অফিস আদেশ প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে।	১। আগামী ৩১ ডিসেম্বর/২০২২ ইং তারিখের মধ্যে বিক্রয় ও বিতরণ বিভাগ, চুয়াডাঙ্গা দপ্তরের পাশে বিদ্যমান পুরনো ও অকেজো গাড়ি সহ অন্যান্য পরিত্যক্ত/ব্যবহার অযোগ্য মালামালের তালিকা প্রণয়ন করে নিলাম প্রক্রিয়া শুরু করতে হবে। ২। আগামী ৩০ মার্চ/২০২৩ ইং তারিখের মধ্যে নিলামের মাধ্যমে উক্ত অকেজো মালামাল সমূহের বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ৩। আগামী ১০ জুন/২০২৩ ইং তারিখের মধ্যে অকেজো মালামালের যায়গাটি পরিষ্কার করে সেখানে ফুলের বাগান করতে হবে। ৪। পুরনো ও অকেজো গাড়ি সহ অন্যান্য পরিত্যক্ত/ব্যবহার অযোগ্য মালামাল পরিস্কারের পূর্বের এবং বাগান নির্মাণের ছবি তুলে সংরক্ষণ করতে হবে। ৫। মালামালের নিলাম প্রক্রিয়া এবং বাগান নির্মাণ কাজের অফিস আদেশ প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, চুয়াডাঙ্গা।
	সভাপতি বলেন যে, ওজোপাডিকো'র সদর দপ্তরে নবনির্মিত ০৬ তলা ভবনে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে। নবনির্মিত ভবনে দাপ্তরিক কার্যক্রম চালু হবার পূর্বেই এ কাজ সম্পন্ন করার জন্য তিনি তাগিদ দেন।	১। ওজোপাডিকো'র সদর দপ্তরে নবনির্মিত ছয় তলা ভবনে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে। ২। নবনির্মিত ভবনে দাপ্তরিক কার্যক্রম চালু হবার পূর্বেই এ কাজ সম্পন্ন করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও উন্নয়ন)

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তাফিজুর রহমান
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
ওজোপাডিকোলিঃ, খুলনা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকোলিঃ, খুলনা।
২. নির্বাহী পরিচালক (অর্থ), ওজোপাডিকোলিঃ, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, ও এন্ড এম, এস এন্ড ডি, ওজোপাডিকোলিঃ, খুলনা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পওস সার্কেল), ওজোপাডিকোলিঃ, খুলনা/যশোর/কুষ্টিয়া/ফরিদপুর/বরিশাল/পটুয়াখালী।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও উন্নয়ন)
৬. নির্বাহী প্রকৌশলী (কারিগরি) ও ব্যবস্থাপক (বাণিজ্যিক), ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ওজোপাডিকোলিঃ, খুলনা।
৭. সকল নির্বাহী প্রকৌশলী/ইএসইউ প্রধান, ওজোপাডিকোলিঃ.....
৮. দপ্তর নথি।